

VDNKh (ভিডিএনকেএইচ)-এ রোসাটম প্যাভিলিয়নে প্রধানমন্ত্রীর সফর

জুলাই 09, 2024

প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী আজ মস্কোতে রাশিয়ার রাষ্ট্রপতি মাননীয় মি. ভ্লাদিমির পুতিনের সঙ্গে অল রাশিয়ান এক্সিবিশন সেন্টার, ভিডিএনকেএইচ পরিদর্শন করেন।

দুই নেতা ভিডিএনকেএইচ-এর রোসাটম প্যাভিলিয়ন পরিদর্শন করেন। নভেম্বরে ২০২৩ সালে উদ্বোধিত রোসাটম প্যাভিলিয়ন বৈজ্ঞানিক এবং প্রযুক্তিগত উন্নয়নের ইতিহাসের অন্যতম বৃহত্তম প্রদর্শনীক্ষেত্র। প্রধানমন্ত্রী বেসামরিক পারমাণবিক শক্তি ক্ষেত্রে ভারত-রাশিয়া সহযোগিতার প্রতি নিবেদিত একটি ফটো প্রদর্শনী প্রত্যক্ষ করেন। প্রধানমন্ত্রীকে "অ্যাটমিক সিস্টেম" নামক কুদানকুলাম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র (কেএনপিপি) এর কেন্দ্রবিন্দু ভিভিইআর-১০০০ রিঅ্যাক্টরের একটি স্থায়ী কার্যকরী মডেলও দেখানো হয়।

প্যাভিলিয়নে, প্রধানমন্ত্রী ভারত ও রাশিয়ার শিক্ষার্থীদের একটি দলের সঙ্গে কথোপকথন করেন। তিনি তাদের বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে ভবিষ্যৎ সম্ভাবনাগুলি অন্বেষণ করতে উৎসাহিত করেন, যা ভবিষ্যৎ প্রজন্ম এবং বিশ্ব কল্যাণের নিমিত্ত ব্যবহার করা যেতে পারে।

মস্কো

জুলাই 09, 2024